



প্রিয় সুধী,

০৫ মার্চ ২০২৪

আগামী ১৭ মার্চ ২০২৪ তারিখে (রবিবার) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। জাতীয় এ দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালনের লক্ষ্যে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, হংকং কর্তৃক ১৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। চিত্রাংকন এর বিষয়বস্তু: “বঙ্গবন্ধু ও বাংলাদেশ”/ “বাংলাদেশের স্বাধীনতা”/ “বাংলাদেশের প্রাকৃতিক সৌন্দর্য”। রচনা বাংলা অথবা ইংরেজিতে ৫০০ (পাঁচশত) শব্দের মধ্যে লিখতে হবে। বাংলা এবং ইংরেজিতে লিখিত রচনা সমূহ আলাদাভাবে মূল্যায়ন করা হবে। রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার জন্য কনস্যুলেট থেকে কাগজ (size A3/A4) সরবরাহ করা হবে। চিত্রাংকনে অংশগ্রহনকারীদের নিজেদের বোর্ড, পেনসিল ও রং তুলি নিয়ে কনস্যুলেটে উপস্থিত হতে হবে। প্রতিযোগিতার সময়সীমা ১ ঘন্টা।

জানুয়ারি ০১, ২০২৪ তারিখের বয়সের ভিত্তিতে নিম্নলিখিত গুপে প্রতিযোগিতার জন্য মূল্যায়ন করা হবে:

ক্রমিক নং	গুপ	বয়স	বিষয়
০১।	“ক”	৫ বছর থেকে অনূর্ধ্ব ৮ বছর	চিত্রাংকন
০২।	“খ”	৯ বছর থেকে অনূর্ধ্ব ১২ বছর	চিত্রাংকন
০৩।	“গ”	১৩ বছর থেকে অনূর্ধ্ব ১৫ বছর	রচনা

এছাড়া, উক্ত দিবসটি উপলক্ষ্যে কনস্যুলেট প্রাঙ্গণে ১৭ মার্চ ২০২৪ তারিখ সকাল ১১.৩০ ঘটিকায় নিম্নোক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে:

- পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতা পাঠ
- বানী পাঠ
- প্রামাণ্যচিত্র প্রদর্শন
- আলোচনা সভা
- উপরোক্ত চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহনকারী প্রতিযোগীদের মধ্যে পুরস্কার বিতরণ।

জাতীয় গুরুত্বপূর্ণ এই দিবসে আয়োজিত অনুষ্ঠানে নতুন প্রজন্মকে যোগ দিতে উৎসাহিত করার অনুরোধসহ হংকং এবং ম্যাকাও-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহনের জন্য সাদরে আমন্ত্রণ জানানো হচ্ছে।

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
হংকং

